অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/16/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ক্ষুধা কর্মসূচির মাসের স্বীকৃতিতে স্টেটের কর্মসূচি ঘোষণা করেছেন

নারিশ নিউ ইয়র্কের 25 মিলিয়ন মার্কিন ডলারের চতুর্থ পর্যায় অভাবী পরিবারদের খাদ্য সরবরাহ এবং নিউ ইয়র্কের চাষিদের সমর্থন করতে থাকবে

17 সেপ্টেম্বর, 2021 তারিখে ক্ষুধা কর্মসূচির দিবসের স্বীকৃতিতে স্টেটের উল্লেখযোগ্য স্থাপনা কমলা আলোয় জ্বলে উঠবে

পুরো স্টেটের ফুড ব্যাংকগুলি ক্ষুধা কর্মসূচির মাসের সম্মানে খাদ্য বিতরণ, ফুড ড্রাইভ ও আরো কাজ করবে

গভর্নর ক্যাথি হোচুল আজকে ক্ষুধা কর্মসূচির মাসের (Hunger Action Month) স্বীকৃতিতে নিউ ইয়র্কে যেসব পদক্ষেপ নেওয়া হবে তা ঘোষণা করেছেন, খাদ্য অনিরাপত্তার ব্যাপারে সচেতনতা বৃদ্ধি ও ক্ষুধার বিরুদ্ধে লড়াই বলবান করতে প্রতি বছর সেপ্টেম্বর মাসে ক্ষুধা কর্মসূচি মাস পালিত হয়। যাদের প্রয়োজন তাদের কাছে নিউ ইয়র্কের খাদ্য সামগ্রী পৌঁছে দিতে নিউ ইয়র্কের জরুরি খাদ্য সরবরাহকারীদের নেটওয়ার্ককে আরো 25 মিলিয়ন মার্কিন ডলার বিতরণ করার মাধ্যমে এই মাসে নারিশ নিউ ইয়র্কের (Nourish New York) চতুর্থ পর্যায় শুরু হয়েছে। এর ফলে কোভিড-19 মহামারীর চূড়ান্ত সময়ে শুরু হওয়ার পর থেকে এই প্রোগ্রামের মোট তহবিল দাঁড়াল 85 মিলিয়ন মার্কিন ডলার।

এছাড়াও গভর্নর ঘোষণা করেছেন যে এই গুরুত্বপূর্ণ ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করতে এবং আমাদের সম্প্রদায়গুলিতে ক্ষুধার বিরুদ্ধে লড়াই করতে নিউ ইয়র্কের চলমান অঙ্গীকার আরেকবার করতে, 17 সেপ্টেম্বর, শুক্রবার, ক্ষুধা কর্মসূচির দিবসে স্টেটের উল্লেখযোগ্য স্থাপনাগুলি কমলা রঙের আলো জ্বলবে। এছাড়াও পুরো স্টেটের ফুড ব্যাংকগুলি খাদ্য বিতরণের ক্রমধারা, ফুড ড্রাইভ, এবং আরো অনেকভাবে এই মাসকে সম্মান জানাবে এবং নিউ ইয়র্কবাসীদের এই কাজে জড়িত হওয়ার সুযোগ প্রদান করবে।

"আমরা কঠিন যে দেড় বছরের মোকাবেলা করেছি সে সময়ে খাদ্য অনিরাপত্তা আরো বৃদ্ধি পেয়েছে, এবং অনেক বেশি নিউ ইয়র্কবাসী টেবিলে খাবার তুলতে অসুবিধার সম্মুখীন হচ্ছে," **গভর্নর হোচুল বলেন।** "আমাদের সম্প্রদায়ে ক্ষুধার বিরুদ্ধে লড়াইয়ে নিউ ইয়র্ক স্টেট নেতৃত্ব দিয়ে যাচ্ছে, এবং আমরা সচেতনতা বৃদ্ধি ও আরো বেশি নিউ ইয়র্কবাসী যাতে তাদের পরিবারকে খাওয়াতে পারে সেটি নিশ্চিত করতে এই ক্ষুধা কর্মসূচির মাসকে সমৃদ্ধ করছি। আমি

সবাইকে ক্ষুধা কর্মসূচির মাসে অংশগ্রহণ করা, নিজেদের সম্প্রদায়কে সমর্থন করা এবং এই ভয়াবহ মহামারীর বিধ্বংসী প্রভাব কাটিয়ে উঠতে নিউ ইয়র্কবাসীকে সাহায্য করার জন্য উৎসাহ দিচ্ছি।"

নারিশ নিউ ইয়র্ক

নারিশ নিউ ইয়র্কের চতুর্থ পর্যায় এই মাসে শুরু হয়েছে, এর ফলে নিউ ইয়র্কের জরুরি খাদ্য সরবরাহকারীরা নিউ ইয়র্কের চাষিদের এবং দুগ্ধজাত পণ্য উৎপাদনকারীদের কাছ থেকে অতিরিক্ত পণ্য কিনে রেখে তা ছুটির মৌসুমসহ এই বছরের শেষ পর্যন্ত অভাবী নিউ ইয়র্কবাসীর কাছে পৌঁছে দিতে পারবে। 2020 সালের মে মাসে, মহামারীর চূড়ান্ত সময়ে শুরু হওয়ার পর থেকে, নারিশ নিউ ইয়র্ক, নিউ ইয়র্কের ফুড ব্যাংক ও জরুরি খাদ্য সরবরাহকারীদের নেটওয়ার্ককে স্থানীয় চাষিদের কাছ থেকে 35 মিলিয়ন পাউন্ডের বেশি খাদ্য কিনে পুরো স্টেটের সম্প্রদায়গুলিকে 29 মিলিয়নের বেশি বেলার আহার সরবরাহ করতে সাহায্য করেছে।

2021-22 নিউ ইয়র্ক স্টেট বাজেটের অংশ হিসেবে পাশ হওয়া এই প্রোগ্রামের চতুর্থ পর্যায়ের তহবিল, 31 ডিসেম্বর, 2021 পর্যন্ত সম্প্রসারিত চুক্তির মাধ্যমে অংশগ্রহণকারী ফুড ব্যাংক ও জরুরি খাদ্য সরবরাহকারীদের কাছে পুনরায় বরাদ্দ করা হবে। জরুরি খাদ্য সরবরাহকারীরা তাদেরকে প্রদত্ত অর্থ যেভাবে ব্যবহার করতে পারবে:

- অনুষ্ঠান/বিনামূল্যে বিতরণের মাধ্যমে ফুড-ড্রাইভের ব্যবস্থা করা;
- পনির, দই, দুধ, টক ক্রিম এবং মাখনের মত পণ্যের জন্য মুদির দোকানে রিডিম করা যায় এমন ডেইরি ভাউচার বিতরণ, এবং/অথবা;
- তাদের খাদ্য কর্মসূচীর জন্য সরাসরি নিউ ইয়র্ক দুগ্ধ/খাদ্য প্রস্তুতকারকদের কাছ থেকে পণ্য ক্রয় করা।

তহবিল প্রদানের চারটি পর্যায়ে নারিশ নিউই ইয়র্কে আজ পর্যন্ত মোট 85 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হয়েছে। প্রোগ্রামটি দুধ, দই, পনির, কটেজ পনির, শস্য, মাংস, সামুদ্রিক মাছ, এবং ডিমের মতো নিউ ইয়র্কের কৃষি পণ্য ক্রয় করতে সাহায্য করার জন্য স্টেটের জরুরি খাদ্য সরবরাহকারীদেরকে সরাসরি তহবিল প্রদান করে। এছাড়াও এটি বড় ড্রাইভ-থ্রু বিতরণ, খাদ্য বাক্স এবং স্কুলে খাদ্য প্রোগ্রাম, প্যান্ট্রি, ও স্যুপ কিচেনের মাধ্যমে নিউ ইয়র্কবাসীর কাছে এই পণ্য পৌঁছে দেওয়ার তহবিল দান করে। পাশাপাশি, প্রোগ্রামটি মহামারীর জন্য পণ্যের বাজার হারানো স্টেটের চাষি ও উৎপাদনকারীদের সমর্থন করে। ফুড ব্যাংকর ক্রয়ের মাধ্যমে, 4,178টি খামার প্রভাবিত হয়েছে।

স্টেটের উল্লেখযোগ্য স্থাপনা কমলা আলোয় জ্বলবে

17 সেপ্টেম্বর, শুক্রবার, ক্ষুধা কর্মসূচির দিবস ও ক্ষুধা কর্মসূচির মাসের স্বীকৃতিতে স্টেটের উল্লেখযোগ্য স্থাপনাগুলো কমলা আলোয় জ্বলবে। নিউ ইয়র্ক স্টেট টানা তৃতীয় বছরের মতো ক্ষুধা সচেতনতার জন্য এর উল্লেখযোগ্য স্থাপনাগুলি কমলা আলোয় উজ্জ্বলিত করছে। কমলা হল প্রথম ফুড স্ট্যাম্পের রং এবং খাদ্য ত্রাণ সংস্থা ও অন্যান্যরা এটিকে ক্ষুধার সচেতনতার প্রতিনিধিত্ব করতে ব্যবহার করে।

স্টেটের যেই স্থাপনা ক্ষুধা কর্মসূচির মাসের জন্য কমলা আলোয় জ্বলবে তা নিম্নরূপ:

- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Governor Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) ভবন (H. Carl McCall SUNY Building)
- স্টেট এডুকেশন বিল্ডিং (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস-প্রধান গেট এবং এক্সপো সেন্টার
- নায়াগ্রা ফলস (Niagara Falls)
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে (Albany International Airport Gateway)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট (Grand Central Terminal - Pershing Square Viaduct)
- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স (Lake Placid Olympic Jumping Complex)
- "ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট" মিড-হাডসন ব্রিজ (The "Franklin D. Roosevelt" Mid-Hudson Bridg)
- MTA LIRR – পেন স্টেশনে ইস্ট এন্ড গেটওয়ে (MTA LIRR - East End Gateway at Penn Station)
- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)

নিউ ইয়র্ক স্টেট ক্ষুধার বিরুদ্ধে লড়াইয়ে সবসময় অঙ্গীকারবদ্ধ। নিউ ইয়র্ক রাজ্য সাম্প্রতিক বছরগুলোতে বেশ কিছু যুগান্তকারী উদ্যোগ এবং কর্মসূচি চালু করেছে, যার মধ্যে রয়েছে ক্ষুধা ও খাদ্য নীতি পরিষদ (Council on Hunger and Food Policy), অত্যাবশ্যক ব্রুকলিন (Vital Brooklyn) এবং কোন ছাত্র ক্ষুধার্ত থাকবে না উদ্যোগ (No Student Goes Hungry initiative) ক্ষুধার সমস্যার মোকাবিলা করার জন্য, স্বাস্থ্যকর, স্থানীয়ভাবে উতপাদিত খাবারের অ্যাক্সেস উন্নত করতে এবং নিউ ইয়র্কে তৈরি করা খাবার ও পানীয় বঞ্চিত সম্প্রদায়গুলির কাছে পৌঁছতে।

ক্ষুধা ও খাদ্য নীতি পরিষদের (Council on Hunger and Food Policy) কাজ হল কিভাবে ক্ষুধার মোকাবেলা করা যায় এবং কিভাবে নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দাদের কাছে স্বাস্থ্যকর, স্থানীয়-ভাবে উৎপন্ন খাদ্য পৌঁছে দেওয়া যায় সে ব্যাপারে স্টেটের নীতি নির্ধারকদের বিশেষজ্ঞ পরামর্শ প্রদান করা। সাম্প্রতিক সময়ে, নারিশ নিউ ইয়র্ক প্রোগ্রাম প্রতিষ্ঠার সময় পরিষদটির কাজ খুব গুরুত্বপূর্ণ ছিল, কারণ তারা বহু বছর ধরে ক্ষুধার মোকাবেলা করা প্রোগ্রাম ও যারা খাদ্য উৎপাদন ও সরবরাহ করে তাদের মধ্যকার সম্পর্ক ও সহযোগিতা উন্নত করতে কাজ করেছে।

খাদ্য বিতরণ অনুষ্ঠান

পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেটের 10টি আঞ্চলিক ফুড ব্যাংকের অনেকেই নিজস্বভাবে এই মাসে ক্ষুধা কর্মসূচির মাসকে স্বীকৃতি দিচ্ছে, যা নিউ ইয়র্কবাসীদের নিজের সম্প্রদায়ে মাঠ পর্যায়ে জড়িত হওয়ার

একটি দারুণ সুযোগ প্রদান করে। পরিকল্পিত কার্যক্রমের মধ্যে আছে বেশ কিছু খাদ্য বিতরণ, ফুড ড্রাইভ, এবং অন্যান্য অনুষ্ঠান, যেমন ফিডমোর ওয়েস্টার্ন নিউ ইয়র্ক (Feedmore Western New York) যা নায়াগ্রা জলপ্রপাত ও ইলেকট্রিক টাওয়ারের মতো স্থানীয় উল্লেখযোগ্য স্থাপনা আলোয় উজ্জ্বলিত করার প্রচার করে। এছাড়াও অনেক ফুড ব্যাংক, যেমন ফিডিং ওয়েস্টচেস্টার (Feeding Westchester), তাদের এলাকায় সরাসরি ও ভার্চুয়াল তহবিল সংগ্রহকারী অনুষ্ঠান আয়োজন করতে স্থানীয় অলাভজনক সংস্থার সাথে অংশীদারিত্ব করছে। ফুড ব্যাংকগুলি নিউ ইয়র্কবাসীদের ক্ষুধা কর্মসূচির দিবসে কমলা পরিধান করে বিষয়টির ব্যাপারে সচেতনতা বৃদ্ধির জন্য সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করার জন্য উৎসাহিত করছে।

খাদ্য খুঁজতে বা তাদের স্থানীয় ফুড ব্যাংকে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করতে ইচ্ছুক ব্যক্তিরা আরো তথ্যের জন্য ফিডিং নিউ ইয়র্ক স্টেট ওয়েবসাইটটি (Feeding New York State website) দেখতে পারে।

স্টেটের কৃষি কমিশনার (State Agriculture Commissioner) রিচার্ড এ. বল বলেন, "নিউ ইয়র্ক স্টেটের খাদ্য অনিরাপত্তার ব্যাপারে সচেতনতা বৃদ্ধির জন্য এবং সবার জন্য আরো ভালো খাদ্যের ব্যবস্থা করতে আমাদের সম্মুখমুখী লড়াই চালিয়ে যেতে খাদ্য কর্মসূচির মাস একটি দারুণ সময়। আমাদের চাষী ও চলমান খাদ্য অনিরাপত্তার সম্মুখীন পরিবারগুলির মধ্যে সফলভাবে সংযোগ স্থাপনকারী নারিশ নিউ ইয়র্ক প্রোগ্রাম থেকে শুরু করে পুরো স্টেটের টেবিলে খাবার পৌঁছে দেওয়ার কাজে কঠোর পরিশ্রমরত আমাদের ফুড ব্যাংকগুলির দারুণ এক নেটওয়ার্ক পর্যন্ত খাদ্য অনিরাপত্তার বিরুদ্ধে লড়াইয়ে নিউ ইয়র্ক নির্ণায়ক সব পদক্ষেপ নিয়েছে। নারিশ নিউ ইয়র্ক প্রোগ্রামকে অব্যাহত রাখতে তাদের সমর্থনের জন্য আমি গভর্নর হোচুল ও আইনসভাকে ধন্যবাদ জানাই, এই প্রোগ্রামটি পরিষ্কারভাবেই আমাদের কৃষি সম্প্রদায় ও আমাদের প্রতিবেশীদের প্রতি একটি দীর্ঘস্থায়ী প্রভাব এনেছে, এবং আমি নিউ ইয়র্কবাসীকে উৎসাহ দিচ্ছি তারা যেনো এই মাসে ও পুরো বছরজুড়ে তাদের প্রতিবেশীদের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দেয়।"

সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যকর, তাজা খাদ্য পাওয়ার অধিকার আছে, তা তারা যেখানেই থাকুক এবং তাদের আর্থিক অবস্থা যাই হোক না কেনো। কোভিড-19 মহামারী ও তার পরবর্তী অর্থনৈতিক কাঠিন্য নিউ ইয়র্কের ক্ষুধার সমস্যাকে আরো গুরুতর করেছে যেহেতু আমাদের স্টেটে আগের থেকে আরো বেশি পরিবার তাদের স্থানীয় ফুড ব্যাংকের উপর নির্ভরশীল হয়ে পড়েছে। অকল্পনীয় এই খারাপ সময়ে, নারিশ নিউ ইয়র্ক প্রোগ্রামটি অভাবী পরিবারগুলির টেবিলে খাবার পৌঁছে দেওয়ার জন্য একটি উদ্ভাবনী সমাধান হিসেবে আবির্ভূত হয়েছে, একই সময়ে এটি আমাদের কঠোর পরিশ্রমী চাষিদের তাদের পণ্য বিক্রির নতুন পথ করে দিয়েছে, যাদের অনেকেই মহামারী-সংশ্লিষ্ট আর্থিক ক্ষতির কারণে ব্যবসা টিকিয়ে রাখতে কষ্ট করছিলো। আজকের এই অতিরিক্ত 25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের কল্যাণে, নারিশ নিউ ইয়র্ক কঠিন সময় পার করছে এমন নিউ ইয়র্কবাসীর জন্য সহানুভূতিশীল সহায়তার একটি আশার আলো হয়ে কাজ চালিয়ে যাচ্ছে। ক্ষুধা কর্মসূচির মাসের জরুরি গুরুত্বের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি ও আমাদের সম্প্রদায়গুলির খাদ্য অনিরাপত্তার বিরুদ্ধে লড়াইয়ে কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্য আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের মহান এই স্টেটের প্রতিটি কোণায় নিউ ইয়র্কবাসীদের জন্য আরো মজবুত একটি খাদ্য ব্যবস্থা গঠন করতে আমাদের অব্যাহত অংশীদারিত্ব দেখতে আমি উন্মুখ।"

অ্যাসেম্বলিমেম্বার ডনা লুপ্রাদো বলেন, "ক্ষুধা কর্মসূচির মাসকে এভাবে স্বীকৃতি প্রদানের জন্য আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাতে চাই। নারিশ নিউ ইয়র্কের প্রতি অব্যাহত সমর্থন চলমান খাদ্য অনিরাপত্তা সমাধানে কাজ করে এবং একই সাথে আমাদের সংগ্রামে লিপ্ত চাষিদের সমর্থন করে। প্রয়োজনের সময় পরিবারগুলিকে সাহায্য করতে ফুড ব্যাংক, ফুড ড্রাইভ, ও বিতরণ কেন্দ্র গুরুত্বপূর্ণ জরুরি ভূমিকা রেখেছে। আমাদের কৃষি খাতের সাথে সংযোগ স্থাপন করা শুধু প্রয়োজনীয় পণ্য সরবরাহই করেনি, বরং এটি পুরো স্টেটে মূল্যবান সম্পর্ক গঠন করেছে যার জন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক ফার্ম ব্যুরোর (New York Farm Bureau) প্রেসিডেন্ট ডেভ ফিশার বলেন, "নারিশ নিউ ইয়র্ক দারুণ একটি প্রোগ্রাম হিসেবে কাজ করে যাচ্ছে যা নিউ ইয়র্কের চাষিদের ও আমাদের এই স্টেটে যেসব মানুষেরা তাজা খাদ্যের অভাবে রয়েছে উভয়ের জন্য লাভজনক। আমাদের স্টেট যখন একটি কঠিন বছরের ধাক্কা কাটিয়ে উঠছে তখন এই অতিরিক্ত তহবিল দুগ্ধজাত পণ্যসহ স্থানীয়ভাবে সংগৃহীত খাদ্য সহজে পাওয়ার ব্যবস্থা করবে এবং খামার সম্প্রদায়ের জন্য অব্যাহত বাজার সুযোগ নিশ্চিত করবে। নিউ ইয়র্ক ফার্ম ব্যুরো এই মূল্যবান প্রোগ্রামের জন্য গভর্নর ও স্টেটের আইনসভার চলমান সমর্থনের সাধুবাদ জানাচ্ছে।"

ফিডিং নিউ ইয়র্ক স্টেটের (Feeding NYS) নির্বাহী পরিচালক ড্যান ইগন বলেন, "নারিশ নিউ ইয়র্ক ক্ষুধার ঝুঁকিতে থাকা নিউ ইয়র্কবাসীর জন্য অতি গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে যাচ্ছে। কম উপার্জনের নিউ ইয়র্কবাসীর জন্য পুষ্টির এই ঘাটতি তাৎপর্যপূর্ণ, এবং নারিশ নিউ ইয়র্ক এই ঘাটতি পূরণের জন্য নিউ ইয়র্কে উৎপন্ন সেরা মানের খাদ্য সরবরাহ করে। নারিশ নিউ ইয়র্ক চাষি, ফুড ব্যাংক ও ক্ষুধার্তদের একটি কার্যকর ও ফলদায়ক প্রোগ্রামের মাধ্যমে সংযুক্ত করেছে। আমরা একসময় নিউ ইয়র্কের কৃষি খাত ও খাদ্য শিল্পের পূর্ণ পুনরুদ্ধার দেখার জন্য উন্মুখ; এই পুনরুদ্ধারের জন্য অব্যাহত সহায়তা খুবই জরুরি।"

নিউ ইয়র্ক সিটির ফুড ব্যাংকের (Food Bank For New York City) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) লেসলি গর্ডন বলেন, "আমরা আমাদের স্টেটের নেতাদের গর্বিত অংশীদার, যারা নারিশ নিউ ইয়র্কের মতো প্রোগ্রাম দিয়ে নিউ ইয়র্কবাসীকে অত্যাবশ্যকীয় খাদ্য উৎসের সাথে যুক্ত করার জন্য অঙ্গীকারবদ্ধ, প্রোগ্রামটি আমাদের ফুড প্যান্ট্রি ও স্যুপ কিচেনের দুর্দান্ত নেটওয়ার্ককে আরো শক্তিশালী করে। আমরা জানি বছরের সব সময় আমাদের স্টেটজুড়ে খাদ্য অনিরাপত্তার বিরুদ্ধে লড়াই নির্ভর করে নির্বাচিত কর্মকর্তাদের উপর এবং আমরা সকল নিউ ইয়র্কবাসীকে আমন্ত্রণ জানাচ্ছি তারা যেনো ক্ষুধা কর্মসূচির এই মাসে ও তার পরেও তাদের স্থানীয় ফুড ব্যাংকগুলির সাথে যুক্ত হয় ও তাদের সমর্থন করে।"

কেন্দ্রীয় নিউ ইয়র্কের ফুড ব্যাংকের (Food Bank of Central New York) নির্বাহী পরিচালক ক্যারেন বেলচার বলেন, "কেন্দ্রীয় নিউ ইয়র্কের ফুড ব্যাংক প্রতিদিন ক্ষুধার্তদের মুখে খাদ্য তুলে দিতে কাজ করে। নারিশ নিউ ইয়র্কের তহবিল দুগ্ধজাত পণ্য, শস্য ও অন্যান্য কৃষিজাত পণ্য বিতরণের মাধ্যমে আমাদের সম্প্রদায়ের মানুষদের সাহায্য করা অব্যাহত রাখতে সুযোগ দিচ্ছে। আমাদের 36-বছরের ইতিহাসে, আমরা শক্তিশালী কৃষি অংশীদারিত্ব তৈরি করেছি এবং নারিশ নিউ ইয়র্ক উদ্যোগ সেই সম্পর্কগুলিকে সবার দৃষ্টিগোচর করছে। আমার যখন এই মহামারী সৃষ্ট অর্থনৈতিক প্রভাব কাটিয়ে উঠার চেষ্টা করে যাচ্ছি তখন এই ক্ষুধা

কর্মসূচির মাসের সময় ও পুরো বছর জুড়ে গভর্নর ক্যাথি হোচুল ও নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার অধিদপ্তরের (New York State Department of Agriculture and Markets) অব্যাহত সমর্থনকে আমরা সাধুবাদ জানাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন